

উপজেলা প্রাথমিক শিক্ষা স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী

স্থান :-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ মহোদয়ের অফিস কক্ষ।

তারিখ:- ২১.১০.২০২১খ্রিৎ সময়ঃ- সকাল ১১.০০ ঘটিকা।

অদ্য ২১.১০.২০২১ তারিখ ১১.০০ ঘটিকায় উপজেলা প্রাথমিক শিক্ষা স্থায়ী কমিটির সভা উপজেলা ভাইস চেয়ারম্যান, আড়াইহাজার, নারায়ণগঞ্জ মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মো: রফিকুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যবুন্দের স্বাক্ষর পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং আলোচ্যসূচী সভায় উপস্থাপন করার জন্য উপজেলা শিক্ষা অফিসার-কে অনুরোধ করেন।

আলোচ্যসূচীঃ-

- ১। বার্ষিক পরীক্ষা সংক্রান্ত।
- ২। বিদ্যালয়ে বেঞ্চের চাহিদা সম্পর্কিত।
- ৩। বিবিধ।

১ নং আলোচনা ও সিদ্ধান্তঃ-

উপজেলা শিক্ষা অফিসার জানান যে, ২০২১ সনে প্রথম থেকে চতুর্থ পর্যন্ত মোট ৩৬৫২০ জন শিক্ষার্থী বার্ষিক পরীক্ষায় অংশগ্রহণ করে। উক্ত পরীক্ষাটি ০৭ ডিসেম্বর থেকে ১৫ ডিসেম্বর পর্যন্ত অনুষ্ঠিত হয়। পরীক্ষার ফলাফল মা-সমাবেশের মাধ্যমে ২৩ ডিসেম্বর-২০২১ ঘোষণা করার জন্য সকল বিদ্যালয়কে নির্দেশনা প্রদান করা হয়।

২ নং আলোচনা ও সিদ্ধান্তঃ-

অত্র উপজেলার ১০৭ টি বিদ্যালয়ে মোট ৩২০৫ জোড়া বেঞ্চের চাহিদা উল্লেখ করা হয়।

উপজেলা পরিষদকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হয়।

৩। বিবিধঃ উপজেলা শিক্ষা অফিসার জানান যে, ২০২১-এর শিশু জরিপ ১৭ ডিসেম্বর-২০২১ থেকে শুরু হয় এবং তা চলমান থাকবে ৩১ ডিসেম্বর-২০২১ পর্যন্ত।

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকল-কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: রফিকুল ইসলাম)

সভাপতি

উপজেলা প্রাথমিক শিক্ষা স্থায়ী কমিটি

ও ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ,

আড়াইহাজার, নারায়ণগঞ্জ